রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ডিসেম্বর ৫, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ/২৯ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ৩৫০-আইন/২০১৮।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন প্রকল্পে নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"কর্তৃপক্ষ"** অর্থ রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ;

(২) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(৩) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(৪) **"নিয়মিতকরণ"** অর্থ রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোনো কর্মচারীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণ;

(৫) **"প্রকল্প"** অর্থ তফসিলের কলাম (২) এ উল্লিখিত কোনো প্রকল্প;

(৬) **"প্রকল্পের কর্মচারী"** অর্থ প্রকল্পের কোনো পদে নিয়োগপ্রাপ্ত হইয়া প্রকল্প সমাপ্ত হইবার তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে চাকুরীরত ছিলেন এইরূপ কোনো কর্মচারী;

(৭) **"প্রকল্পের** চাকুরীকাল" অর্থ প্রকল্পে যোগদানের তারিখ হইতে কোনো প্রকল্প সমাপ্তির তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে কর্মরত কোনো কর্মচারীর চাকুরীকাল;

(৮) **"রাজস্ব বাজেটের পদ"** অর্থ প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত কোনো পদ;

(৯) **"সাময়িকভাবে পদায়নকৃত"** অর্থ প্রকল্পের কোনো কর্মচারীকে রাজস্ব বাজেটের কোনো পদে অস্থায়ীভাবে পদায়ন বা নিয়োগ।

৩। **বিধিমালার প্রাধান্য।**—আপাতত বলবৎ অন্য কোনো বিধিমালা, আদেশ বা নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন, প্রকল্পের কর্মচারীদের ক্ষেত্রে এ বিধিমালার বিধানাবলি কার্যকর হইবে।

৪। **রাজস্ব বাজেটে নিয়মিতকরণ পদ্ধতি।**—(১) প্রকল্পের কোনো কর্মচারীকে নিম্নবর্ণিত শর্তে নিয়মিতকরণ করা যাইবে, যথা :—

(ক) তফসিলে বর্ণিত প্রকল্পের রাজস্ব বাজেটে স্থানান্তরিত কোনো পদে কর্মরত কর্মচারী, সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োগকালীন সময়ে সরকারের প্রচলিত নিয়োগবিধি বা নিয়োগ পদ্ধতি বা সংশ্লিষ্ট প্রকল্পের জন্য সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগবিধি, যদি থাকে, অনুসরণক্রমে নিয়োগপ্রাপ্ত হইয়া থাকিলে;

(খ) উক্ত কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকুরীর ধারাবাহিকতা থাকিলে; এবং

(গ) উক্ত কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকুরী সন্তোষজনক হইয়া থাকিলে।

(২) রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোনো কর্মচারী অবসর প্রস্তুতিকালীন ছুটি ভোগরত থাকিলে অথবা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে অথবা মৃত্যুবরণ করিলে তাহাকে ভূতাপেক্ষভাবে, ক্ষেত্রমত, অবসর প্রস্তুতিকালীন ছুটি বা বয়স উত্তীর্ণ বা মৃত্যুবরণের তারিখের পূর্ব তারিখে কার্যকরতা প্রদান করিয়া নিয়মিত করা যাইবে।

(৩) কমিশনের আওতাভুক্ত কোনো পদে কমিশনের সুপারিশক্রমে এবং কমিশনের আওতাবহির্ভূত কোনো পদে বিভাগীয় পদোন্নতি বা বাছাই কমিটির সুপারিশক্রমে নিয়মিত করিতে হইবে।

৫। **জ্যেষ্ঠতা নির্ধারণ**।—(১) এই বিধিমালার অধীন নিয়মিতকৃত কোনো কর্মচারীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে তাহার চাকুরী নিয়মিতকরণের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) প্রকল্পে একই তারিখে নিয়োগপ্রাপ্ত একাধিক কর্মচারীর জ্যেষ্ঠতা নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা :—

(ক) প্রকল্পে নিয়োগের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং, যদি থাকে, এর ভিত্তিতে; এবং

(খ) দফা (ক) এ উল্লিখিত তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং না থাকিলে, সেইক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের ভিত্তিতে এবং উক্ত বৎসর একই বৎসর হইলে, সেইক্ষেত্রে বয়সের ভিত্তিতে।

(৩) প্রকল্পে পূর্বে নিয়োগপ্রাপ্ত কোন কর্মচারী প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে, পদাধিকারীর ত্রুটির কারণে নহে, একই পদে পরে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীর পূর্বে বা একই সঙ্গে নিয়মিত না হইয়া পরবর্তী সময়ে নিয়মিত হইলে, সেইক্ষেত্রে পরে নিয়মিত হওয়া সত্ত্বেও পূর্বে নিয়মিতকৃত কর্মচারীর উপর তাহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৪) নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর নিয়োগের তারিখ এবং নিয়মিতকৃত কর্মচারীর নিয়মিতকরণের তারিখ একই হইলে, সেইক্ষেত্রে নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ নিয়মিতকৃত কর্মচারীগণের উপর জ্যেষ্ঠতা পাইবেন।

৬। **প্রকল্পের চাকুরীকাল গণনা**।—নিয়মিতকৃত কোনো কর্মচারীর প্রকল্পের চাকুরীকাল তাহার বেতন, ছুটি, পেনশন ও আনুষঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হইবে।

৭। **অসুবিধা দূরীকরণ**।—এই বিধিমালা কার্যকরকরণের ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সঙ্গতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**তফসিল**

**[বিধি-২(৩) দ্রষ্টব্য]**

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সমাজসেবা অধিদপ্তরের সমাপ্ত উন্নয়ন প্রকল্পের রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদসমূহের নাম ও পদসংখ্যা :

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রকল্প শুরু ও সমাপ্তির তারিখ | পদের বিবরণ | | পদ সংখ্যা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | | (৫) |
| ১। | শেখ রাসেল দুঃস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, টুঙ্গীপাড়া, গোপালগঞ্জ | শুরু: নভেম্বর, ১৯৯৭, সমাপ্ত : জুন, ২০০১ | ১ | হাউজ প্যারেন্ট | ০১ |
| | | | ২ | খন্ডকালীন ডাক্তার | ০১ |
| | | | ৩ | সহকারী শিক্ষক | ০৫ |
| | | | ৪ | ট্রেড ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স, কমার্শিয়াল আর্ট, ফুড প্রসেসিং) | ০৩ |
| | | | ৫ | অফিস সহকারী- কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ |
| | | | ৬ | স্টোর কিপার | ০১ |
| | | | ৭ | ধর্মীয় শিক্ষক | ০১ |
| | | | ৮ | ড্রাইভার | ০১ |
| | | | ৯ | অফিস সহায়ক | ০১ |
| | | | ১০ | মালী | ০১ |
| | | | ১১ | এ্যাটেনডেন্ট (আয়া) | ০২ |
| | | | ১২ | বাবুর্চি | ০৩ |
| | | | ১৩ | নিরাপত্তা প্রহরী | ০৫ |
| | | | ১৪ | পরিচ্ছন্নতা কর্মী | ০১ |
| | | | | **মোট=** | **২৭** |

| (১) | (২) | (৩) | (৪) | | (৫) |
|---|---|---|---|---|---|
| ২। | মুজিবনগর কমপ্লেক্স সরকারি শিশু পরিবার স্থাপন | শুরু : জানুয়ারি, ১৯৯৯, সমাপ্ত : জুন, ২০০২ | ১ | প্রধান শিক্ষক | ০১ |
| | | | ২ | ট্রেড ইন্সট্রাক্টর (কম্পিউটার) | ০১ |
| | | | ৩ | শিক্ষক | ০১ |
| | | | ৪ | ফিজিক্যাল টিচার | ০১ |
| | | | ৫ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ |
| | | | ৬ | অ্যাটেনডেন্ট | ০২ |
| | | | ৭ | আয়া | ০২ |
| | | | ৮ | অফিস সহায়ক | ০২ |
| | | | ৯ | নিরাপত্তা প্রহরী | ০১ |
| | | | ১০ | বাবুর্চি | ০২ |
| | | | ১১ | পরিচ্ছন্নতা কর্মী | ০১ |
| | | | | **মোট=** | **১৫** |
| ৩। | বেবি হোম স্থাপন (৩টি) | শুরু : জানুয়ারি, ১৯৯৮, সমাপ্ত : জুন, ২০০৩ | ১ | উপ-তত্ত্বাবধায়ক | ০২ |
| | | | ২ | সহকারী শিক্ষক | ০১ |
| | | | ৩ | নার্স | ০১ |
| | | | ৪ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩ |
| | | | ৫ | অফিস সহায়ক | ০১ |
| | | | ৬ | আয়া | ১৬ |
| | | | ৭ | বাবুর্চি | ০৩ |
| | | | ৮ | নিরাপত্তা প্রহরী | ০৭ |
| | | | ৯ | পরিচ্ছন্নতা কর্মী | ০২ |
| | | | | **মোট=** | **৩৬** |

| (১) | (২) | (৩) | (৪) | | (৫) |
|---|---|---|---|---|---|
| ৪। | বান্দরবান জেলায় সরকারি শিশু পরিবার স্থাপন | শুরু : জুলাই, ১৯৯৮, সমাপ্ত : জুন, ২০০৩ | ১ | উপ-তত্ত্বাবধায়ক | ০১ |
| | | | ২ | প্রধান শিক্ষক | ০১ |
| | | | ৩ | সহকারী শিক্ষক | ০৩ |
| | | | ৪ | নার্স | ০১ |
| | | | ৫ | অফিস সহায়ক | ০১ |
| | | | ৬ | নিরাপত্তা প্রহরী | ০১ |
| | | | ৭ | পরিচ্ছন্নতা কর্মী | ০১ |
| | | | | **মোট=** | **০৯** |
| ৫। | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের উন্নয়ন ও সম্প্রসারণ (০৩টি) | শুরু: জানুয়ারি, ১৯৯৯, সমাপ্তি : জুন, ২০০৪ | ১ | অধ্যক্ষ (সহকারী পরিচালক) | ০৩ |
| | | | ২ | কম্পিউটার অপারেটর | ০১ |
| | | | ৩ | ড্রাইভার | ০৩ |
| | | | ৪ | বাবুর্চি | ০১ |
| | | | ৫ | অফিস সহায়ক | ০২ |
| | | | ৬ | নিরাপত্তা প্রহরী | ০৩ |
| | | | ৭ | পরিচ্ছন্নতা কর্মী | ০২ |
| | | | | **মোট=** | **১৫** |
| ৬। | প্রতিবন্ধী শিশুদের জন্য পরিচালিত বিদ্যালয়সমূহের উন্নয়ন | শুরু : জুলাই, ১৯৯৯, সমাপ্ত : জুন, ২০০৫ | ১ | শিক্ষক | ০২ |
| | | | ২ | শরীর চর্চা শিক্ষক | ০৪ |
| | | | ৩ | ধর্মীয় শিক্ষক | ০৫ |
| | | | ৪ | সহকারী শিক্ষক | ০৩ |
| | | | ৫ | থার্মোফরম অপারেটর | ০১ |
| | | | ৬ | অ্যাটেনডেন্ট | ০৯ |
| | | | ৭ | বাবুর্চি | ০৬ |
| | | | | **মোট=** | **৩০** |

| (১) | (২) | (৩) | (৪) | | (৫) |
|---|---|---|---|---|---|
| ৭। | শহর সমাজসেবা কর্মসূচীর উন্নয়ন ও সম্প্রসারণ-২য় পর্যায় | শুরু : জুলাই, ২০০০, সমাপ্তি : জুন, ২০০৭ | ১ | সমাজসেবা অফিসার | ২৬ |
| | | | ২ | কম্পিউটার অপারেটর | ০১ |
| | | | ৩ | অফিস সহকারী- কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৯ |
| | | | ৪ | সমাজকর্মী | ৪৫ |
| | | | ৫ | অফিস সহায়ক | ২৪ |
| | | | ৬ | নিরাপত্তা প্রহরী | ২৪ |
| | | | | **মোট=** | **১৩৯** |
| ৮। | দগ্ধজনিত ক্ষতিগ্রস্ত দুঃস্থ ব্যক্তিদের চিকিৎসা ও পুনর্বাসনে আর্থিক সহায়তা | শুরু : জুলাই, ২০০২, সমাপ্তি : জুন, ২০০৭ | ১ | ড্রাইভার | ০১ |
| | | | | **সর্বমোট=** | **২৭২** |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd